"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি"

উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারকনং- উ.প.কা/হালু/স্থায়ীকমিটি/২০২১- ~~৬৪০~~ ৯১৪ তারিখঃ ১০/১১/২০২১ খ্রিঃ।

## সভার নোটিশ

হালুয়াঘাট উপজেলা পরিষদের মহিলা ও শিশুবিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

10.11.21

(ঝর্না ঘোষ)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলাপরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপিসদয়জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা ....................................অফিসার, হালুয়াঘাট।
৫। চেয়ারম্যান.............................ইউ.পি. হালুয়াঘাট, ময়মনসিংহ।
৬। অফিসকপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরে উন্নতি"

## মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ঝর্না ঘোষ,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ৩০/১১/২০২১ খ্রিঃ, সময় ঃ সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিতসদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সদস্য সচিব কে হালুয়াঘাট উপজেলায় মহিলা বিষয়ক আর্থসামাজিক কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, ভুবনকুড়া ইউ.পি.মহোদয় বলেন," পারিবারিক সহিংসতা বর্তমান অত্র এলাকায় একটি গুরুতর সমস্যা হিসেবে চিহ্নিত হচ্ছে। এরূপ সহিংসতা নানান রূপে, নানান ভাবে আবির্ভূত হয়ে সমাজ এবং মানবীয় উন্নয়নকে ক্ষতিগ্রস্ত করছে। এরূপ সহিংসতার বিষয়টিকে প্রায়শঃই সামাজিক ভাবে উপেক্ষা করা হয়। এই বিষয়টি নিয়ে সকলকে সচেতন করতে হবে বিভিন্ন সিটিং এ গুরুত্ব সহ কারে বোঝাতে হবে "চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি.মহোদয় বলেন "শুধু তাই নয় পারিবারিক সহিংসতার পুরো বিষয়টিকে আমাদের সমাজে তেমনভাবে গুরুত্বারোপও করা হচ্ছে না।পারিবারিক সহিংসতার পুরুষের কর্তৃক নারী উপর নির্যাতন বা সহিংসতা। এছাড়াও পরিবারের অন্যান্য সদস্যদের উপর নির্যাতন বা সহিংসতাও পারিবারিক সহিংসতার অন্তর্ভুক্ত। নারী নির্যাতনের ক্ষেত্রে নির্যাতিত নারীর প্রতিপক্ষ হিসেবে পুরুষকেই দাঁড় করানো হয়। নারীরা নির্যাতিত হয়ে আসছে পুরুষ কর্তৃক, এটিই প্রচলিত।২) নির্যাতিত হয়ে পুরুষ আইনের আশ্রয় গ্রহণ করতে গেলে কিংবা গুরুতর আঘাতপ্রাপ্ত হয়ে ডাক্তারের নিকট গেলে তারা বিষয়টিতে তেমন গুররুত্ব আরোপ করে না বা অনেক সময় হেসেই উড়িয়ে দেয়। মাথায় বা শরীরে গুরুতর জখম নিয়ে নির্যাতিত পুরুষ থানা-পুলিশ বা ডাক্তারের শরণাপন্ন হলে "বন্ধুদের সাথে খেলতে গিয়ে আহত হওয়া" বা "দুর্ঘটনা কিংবা অন্য কোন কারণে আহত" হয়েছে বলে প্রাথমিকভাবে বিষয়টিকে উপেক্ষা করার চেষ্টা করে। | বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br><br>"১) আমাদের সমাজে নারীকে সবসময়ই কোমল স্বভাবের এবং শান্তি স্থাপনকারী হিসেবে বিবেচনা করা হয়। সাধারণত নারীদের প্রতি প্রচলিত ধারণা এই যে, তারা কখনোই সহিংস আচরণকারী হতে পারে না। এর ফলে নারী কর্তৃক নির্যাতিত হয়েও একজন পুরুষ কারো কাছেই তা বিশ্বাসযোগ্যভাবে উপস্থাপন করতে পারে না।<br>নড়াইল ইউনিয়নের চেয়ারম্যান, প্রস্তাব গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় সে ব্যবস্তা নিতে হবে। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

30.11.21
(ঝনা ঘোষ)
মহিলাভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হালুয়াঘাট।
তারিখঃ৩০/১১/২০২১ খ্রিঃ

স্মারক নং-মহিলা ও শিশু /হালু/২০২১- 220

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, হালুয়াঘাট উপজেলা কমান্ড, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান...........................................ইউপি, হালুয়াঘাট, ময়মনসিংহ।

(গোলে জান্নাত সেতু)
উপজেলা মহিলা বিষয়ক অফিসার
হালুয়াঘাট,ময়মনসিংহ।

৩০/১১/২০২১খ্রিঃ তারিখ মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত

**সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ**

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ঝর্না ঘোষ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ | সভাপতি | |
| ২ | চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি. হালুয়াঘাট, ময়মনসিংহ | সদস্য | |
| ৩ | উপজেলা প.প অফিসার, হালুয়াঘাট,ময়মনসিংহ | সদস্য | |
| ৪ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, হালুয়াঘাট,ময়মনসিংহ | সদস্য | |
| ৫ | উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট,ময়মনসিংহ | সদস্য | |
| ৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সদস্য-সচিব | |